

## 🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ 8: ৭২

## 💵 আরবি মূল আয়াত:

وَ إِنَّ مِنكُم لَمَن لَّيُبَطِّئَنَّ فَإِن اَصنابَتكُم مُّصِيبَةٌ قَالَ قَد اَنعَمَ اللهُ عَلَىَّ إِذ لَم اَكُن مَّعَهُم شَهِيدًا ﴿٧٢﴾

## 

them." — Sahih International

আর তোমাদের মধ্যে কেউ কেউ এমন আছে, যে অবশ্যই বিলম্ব করবে। সুতরাং তোমাদের কোন বিপদ আপতিত হলে সে বলবে, 'আল্লাহ আমার উপর অনুগ্রহ করেছেন যে, আমি তাদের সাথে উপস্থিত ছিলাম না'। — আল-বায়ান এবং তোমাদের কেউ কেউ নিশ্চয়ই পশ্চাতে সরে থাকবে, অতঃপর তোমাদের উপর কোন বিপদ আসলে সে বলবে, 'আল্লাহ আমার প্রতি অনুগ্রহ করেছেন যে, আমি তাদের সঙ্গে উপস্থিত ছিলাম না।' — তাইসিরুল আর তোমাদের মধ্যে এরূপ লোকও রয়েছে যে শৈথিল্য করে; অনন্তর যদি তোমাদের উপর বিপদ নিপতিত হয় তাহলে বলেঃ আমার প্রতি আল্লাহর অনুগ্রহ ছিল যে, আমি তখন তাদের সাথে উপস্থিত ছিলামনা। — মুজিবুর রহমান And indeed, there is among you he who lingers behind; and if disaster strikes you, he says, "Allah has favored me in that I was not present with

৭২. আর নিশ্চয় তোমাদের মধ্যে এমন লোক আছে, যে গড়িমসি করবেই। অতঃপর তোমাদের কোন মুসীবত হলে সে বলবে, তাদের সঙ্গে না থাকায় আল্লাহ আমার প্রতি অনুগ্রহ করেছেন।

তাফসীরে জাকারিয়া

- (৭২) আর তোমাদের মধ্যে এমন লোকও আছে যে পিছনে থাকবেই।[1] অতঃপর তোমাদের কোন বিপদ হলে সে বলবে, 'আল্লাহ আমার প্রতি অনুগ্রহ করেছেন যে, আমি তাদের সঙ্গে উপস্থিত ছিলাম না।'
  - [1] এখানে মুনাফিকদের কথা বলা হচ্ছে। 'পিছনে থাকবেই'-এর অর্থ, জিহাদে না গিয়ে পিছনে থেকে যাবেই।

তাফসীরে আহসানল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন